রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২০ সনের ২৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৪, ২০২০

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৩২৯—৩৪০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩২৭—৩৪১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩২৯—৩৪০ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ...............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ নিয়োগ শাখা**

**শোক বার্তা**

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭/ ০২ জুন ২০২০

**নং-০৫০.০০.০০০০.১৩৮.১৮.০২৯.২০.২২৫**—বেগম কামরুন্নাহার (১৬০৪৮), সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর গত ০৮/০১/২০২০ খ্রি. তারিখ সন্ধ্যা ০৬:০৯ ঘটিকায় ব্রেইন টিউমারে আক্রান্ত হয়ে ভারতের বোম্বে হসপিটাল এন্ড রিসার্চ সেন্টার এ চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

০২। বেগম কামরুন্নাহার (১৬০৪৮) গত ০১.০৩.১৯৭৭ খ্রি. তারিখে রাজবাড়ীতে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্ম গ্রহণ করেন। তিনি গত ২১/০৮/২০০৬ খ্রি. তারিখে বিসিএস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের ২৫তম ব্যাচের একজন কর্মকর্তা ছিলেন। মৃত্যুর পূর্ব পর্যন্ত তিনি বিভিন্ন দপ্তরে দায়িত্ব পালন করেন।

০৩। বেগম কামরুন্নাহার (১৬০৪৮) চাকরি জীবনে অত্যন্ত কর্তব্যপরায়ণ, দক্ষ, নিষ্ঠাবান ও সদালাপী কর্মকর্তা ছিলেন। তিনি মৃত্যুকালে স্বামী, এক পুত্রসন্তান, বহু আত্মীয়-স্বজন এবং অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

০৪। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেগম কামরুন্নাহার (১৬০৪৮) এর অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশসহ তাঁর আত্মার মাগফিরাত কামনা করছে এবং মরহুমার পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছে।

**শেখ ইউসুফ হারুন**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতিঃ দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৫ মাঘ, ১৪২৬/২৯ জানুয়ারি, ২০২০

**নং ২৮.০০.০০০০.০১৩.১৫.০০৮.১৯-৪০**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) এর ৬ ধারা অনুযায়ী জনাব মোহাম্মদ বজলুর রহমান, পিতা : মোহাম্মদ আব্দুল হালিম, ১২, মিতালী রোড, ডাকঘর : হাজারীবাগ, জিগাতলা, ঢাকা-১২০৯-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

২। **নিয়োগের শর্তাবলি :**

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ যোগদানের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোন চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোন সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ মন্ত্রণালয় কর্তৃক ১৯-০৪-২০১৭ তারিখের স্মারক নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার টাকা) ও বাড়ি ভাড়া বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া তিনি তাঁর ব্যবহারের জন্য একটি সার্বক্ষণিক গাড়ি এবং তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোন ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩, (সংশোধন আইন, ২০০৫ ও সংশোধন আইন, ২০১০) ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনিছুর রহমান**
সিনিয়র সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলী**

তারিখ : ০২ জানুয়ারি ২০২০ খ্রিঃ।

নং **বিচার-৭/২-এন-৭৬/০৩-০১/০১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ এনামুল হক, পিতা-জামাল উদ্দীন, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-ফুলতলা, ডাকঘর-কাজলদিঘী কালিয়াগঞ্জ, উপজেলা-বোদা, জেলা-পঞ্চগড়।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পঞ্চগড় জেলার বোদা উপজেলার ০৪নং কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখ : ০৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিঃ।

নং **বিচার-৭/২-এন-৯১/২০১৩(অংশ)-৩৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (মোঃ আঃ খালেক, পিতা-মোঃ ছবের উদ্দিন, মাতা-লক্ষী খাতুন, গ্রাম-ভাদুন, ডাকঘর-পূবাইল-১৭২১, গাজীপুর সদর, গাজীপুর।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে গাজীপুর সিটি কর্পোরেশনের ৪১নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-৮৬/৮৭(অংশ-১)-৩৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (আনিসুর রহমান, পিতা-হায়দার আলী, মাতা-আমিনা খাতুন, গ্রাম-সুধিরাজপুর, ডাকঘর-পোড়াদহ, উপজেলা-মিরপুর, জেলা-কুষ্টিয়া।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার ০৯নং পোড়াদহ ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

নং **বিচার-৭/২-এন-৩০/৯৩-৩৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (শামসুর রহমান, পিতা-আবু আব্দুল্লাহ, মাতা-আশ্রাফুননেছা, গ্রাম-নারিকেলবাড়ীয়া, ডাকঘর-শুক্তাগড়-৮৪১০, উপজেলা-রাজাপুর, জেলা-ঝালকাঠি।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঝালকাঠি জেলার রাজাপুর উপজেলার ০২নং শুক্তাগড় ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে:

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**বুলবুল আহ্‌মেদ**
সিনিয়র সহকারী সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ মাঘ ১৪২৬/০৪ ফেব্রুয়ারি ২০২০

নং **২৬.০০.০০০০.০৮৬.৩১.৪১৪.১১(অংশ).৯৫**—যেহেতু, জনাব মোঃ হাবিবুর রহমান আকন্দ, ব্যক্তিগত কর্মকর্তা হিসেবে নিয়োজিত থাকাকালীন ০৯ মে ২০১৮ অফিস আদেশ নম্বর ২৬.০০.০০০০.০৮৬. ১৯.০০৪.১৭.৩৪৬ এর মাধ্যমে বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, লস এঞ্জেলস, যুক্তরাষ্ট্র হতে বাণিজ্য মন্ত্রণালয়ে বদলি করা হয়। তিনি ২৩ জুলাই ২০১৮ দূতাবাস হতে অবমুক্ত হওয়ার পর অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এরূপ অনুপস্থিতির বিষয়ে ব্যাখ্যা প্রদান ও কর্মস্থলে যোগদানের জন্য তাকে নোটিশ করা হয়। নির্ধারিত সময়ে ব্যাখ্যা প্রদান এবং কর্মস্থলে যোগদান না করায় সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) অনুযায়ী ডিজারশন এবং উর্ধ্বতন কর্মকর্তার আইনসংগত আদেশ অমান্য করায় ০১/২০১৯ নম্বর বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযোগ বিবরণী ও অভিযোগনামাসহ কৈফিয়ত তলব করে ৩০ এপ্রিল ২০১৯ স্মারক নম্বর ২৬.০০.০০০০.০৮৬.৩১.৩১৪.১১.৩১৩ মূলে লিখিত জবাব দাখিল করার জন্য নোটিশ করা হয় এবং তিনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কিনা তা জানতে চাওয়া হয়; এবং

যেহেতু, তাঁর নিকট হতে প্রাপ্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণের বিষয়ে কোন মন্তব্য না করায় বিধি অনুযায়ী ০৯ জুলাই ২০১৯ স্মারক নম্বর ২৬.০০.০০০০.০৮৬.৩১.৩২৪.১৪-৪৮০ মূলে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্ত অফিসার হিসেবে ডব্লিউটিও সেলের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোঃ হামিদুর রহমান খান-কে নিয়োগ করা হয়; এবং

যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন যথাযথ বিবেচিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এর অসদাচরণ ও বিধি ৩(গ) এর ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে বিধায় অভিযুক্ত কর্মকর্তাকে ১৫ অক্টোবর ২০১৯ স্মারক নম্বর ২৬.০০.০০০০.০৮৬.৩১.৩১৪.১১(অংশ).৭৪৯ মূলে বিধি ৪(৩) বিধির উপবিধি-১-এ বর্ণিত গুরুদণ্ডের মধ্যে যেকোন একটি গুরুদণ্ড কেন আরোপ করা হবে না মর্মে দ্বিতীয়বার কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয় এবং তিনি উক্ত নোটিশের জবাব ২২ অক্টোবর ২০১৯ দাখিল করেন; এবং

যেহেতু, আনীত অভিযোগ, তাঁর জবাব এবং তদন্ত প্রতিবেদন বিবেচনা করে চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার দণ্ড প্রদানের ব্যাপারে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(১০) অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্মকমিশনের পরামর্শ গ্রহণ করা হয়; এবং

যেহেতু, বাংলাদেশ সরকারি কর্মকমিশন অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ার পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) করার গুরুদণ্ড প্রদানে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক গৃহীত গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে; এবং

সেহেতু, এক্ষণে ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ হাবিবুর রহমান আকন্দ এর বিরুদ্ধে আনীত অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) এর অসদাচরণ এবং বিধি ৩(গ)-এর ডিজারশনের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩) বিধির উপবিধি ১(ঘ) মোতাবেক চাকুরি হতে বরখাস্ত (Dismissal from Service) দণ্ড প্রদান করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ড. মোঃ জাফর উদ্দীন**
সচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
### শাখা-৬

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৫ মাঘ ১৪২৬/২৯ জানুয়ারি ২০২০

নং **৪৩.০০.০০০০.১১৪.০০৬.২৩.১৯.৪৩**—বাংলাদেশ জাতীয় জাদুঘর অধ্যাদেশ, ১৯৮৩ এর ৬(এইচ) ধারানুসারে জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য হিসেবে স্থপতি রবিউল হোসাইন এর স্থলে জনাব শামসুল ওয়ারেস-কে নির্দেশক্রমে মনোনয়ন প্রদান করা হলো।

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

### প্রজ্ঞাপন

তারিখ : ২৬ মাঘ ১৪২৬/০৯ ফেব্রুয়ারি ২০২০

নং **৪৩.০০.০০০০.১১৪.১৬.১৫১.১৫-৫৪**—১৯৬৮ ইং সালের (১৪ নং আইন) (১৯৭৬ সালে সংশোধিত) পুরাকীর্তি আইনের ১০ নং ধারার (১) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার কর্তৃক নিম্ন তফসিলভুক্ত প্রত্নসম্পদ "সংরক্ষিত প্রত্নসম্পদ" বলিয়া ঘোষণা করা হইল :

| ক্রমিক | প্রত্নসম্পদের অবস্থান ও পরিচিতি | প্রত্নসম্পদের ভূমির বিবরণ | | | জমির পরিমাণ (একরে) | চৌহদ্দী | মালিকানা | প্রত্নতত্ত্ব অধিদপ্তরের নিকট মালিকানা হস্তান্তরে সম্মত কিনা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মৌজা | খতিয়ান নং (এস.এ) | দাগ নং | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১. | 'বিন্নাদীঘির ঘাট'<br>গ্রাম: ধোবাডাঙ্গা<br>ইউনিয়ন: গোড়গ্রাম<br>থানা: সদর<br>জেলা: নীলফামারী | ধোবাডাঙ্গা | ১ | ৩১৭৬<br>৩১৯৭<br>৩২১৩ | ০.৫৪<br>৮.৭০<br>১১.৯৬ | উত্তর : ব্যক্তিমালিকানাধীন জমি<br>দক্ষিণ : পাকা রাস্তা<br>পূর্ব : ব্যক্তিমালিকানাধীন জমি<br>পশ্চিম : ব্যক্তিমালিকানাধীন জমি | বাংলাদেশ সরকারের পক্ষে কালেক্টর নীলফামারী। | ১নং খাস খতিয়ানভুক্ত সম্পত্তি হওয়ায় ভূমি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মালিকানা হস্তান্তরে সম্মত। | পূর্বপাড় সিঁড়ি, পুকুর পাড় (পূর্ব উত্তর) পুকুর পাড় (দক্ষিণ ও পশ্চিম দিকের পাড়)। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাদিরা সুলতানা**
উপসচিব।

**শিল্প মন্ত্রণালয়**
**পরি-৩ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৯ মাঘ ১৪২৬ ব:/১২ ফেব্রুয়ারি ২০২০ খ্রি:

নং **৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৫.১৩/৭৭**—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন "চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের আওতায় সিইটিপির কনস্ট্রাকশন, প্রসেস ও প্যারামিটার এবং ইলেকট্রো মেকানিক্যাল বিষয়ের পারফরমেন্স টেস্ট নিশ্চিত করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১. চেয়ারম্যান, বিসিক

**সদস্যবৃন্দ**

২. যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এর পক্ষে পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

৪. সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ)

৫. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিএফএলএলএফইএ)

৬. টীম লিডার, বিআরটিসি, বুয়েট

৭. প্রকল্প পরিচালক, চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত) প্রকল্প

**সদস্য-সচিব**

৮. পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক

**কমিটির কার্য-পরিধি :**

(ক) কমিটি আগামী ৩ (তিন) সপ্তাহের মধ্যে সিইটিপির কনস্ট্রাকশন, প্রসেস ও প্যারামিটার এবং ইলেকট্রো মেকানিক্যাল বিষয়ের পারফরমেন্স টেস্ট নিশ্চিতকরণপূর্বক একটি মূল্যায়ন প্রতিবেদন সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর দাখিল করবে; এবং

(খ) কমিটি প্রয়োজনে কোন উপযুক্ত কর্মকর্তা কো-অপ্ট করতে পারবে।

নং **৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৫.১৩/৭৯**—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন "চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের আওতায় সিইটিপি স্থাপন ও চালুর পর্যায় নির্ধারণ/চিহ্নিত করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১. চেয়ারম্যান, বিসিক

**সদস্যবৃন্দ**

২. যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৩. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর এর পক্ষে পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি

৪. টীম লিডার, বিআরটিসি, বুয়েট

৫. ব্যবস্থাপনা পরিচালক, Dhaka Tannery Industrial Estate Wastage Treatment Plant Company Ltd.

**সদস্য-সচিব**

৬. প্রকল্প পরিচালক, চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত) প্রকল্প

**কমিটির কার্য-পরিধি :**

(ক) কমিটি সিইটিপি'র Construction and implementation Commissioning and stabilization of the whole plants এবং Operation and Maintenance of the plants সংশ্লিষ্ট বিষয়াদি বিবেচনায় নিয়ে সিইপিটি'র বাস্তবায়ন পর্যায় নির্ধারণ/চিহ্নিত করে আগামী ৩ (তিন) সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়কে জানাবে; এবং

(খ) কমিটি প্রয়োজনে কোন উপযুক্ত কর্মকর্তা কো-অপ্ট করতে পারবে।

নং **৩৬.০০.০০০০.০৮৪.১৪.০০৫.১৩/৭৮**—বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কর্তৃক বাস্তবায়নাধীন "চামড়া শিল্প নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত)"-শীর্ষক প্রকল্পের আওতায় ঠিকাদারি প্রতিষ্ঠান JLEPCL-DCL JV কর্তৃক দাবীকৃত ১ম এল/সি এর আওতায় ২য় শিপমেন্ট এর পেন্ডিং বিল পরিশোধের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো :

**আহবায়ক**

১. পরিচালক (উন্নয়ন ও সম্প্রসারণ), বিসিক

**সদস্যবৃন্দ**

২. টীম লিডার, বিআরটিসি, বুয়েট

৩. উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

৪. পরিচালক (প্রকৌশল ও প্রকল্প বাস্তবায়ন), বিসিক

**সদস্য-সচিব**

৫. প্রকল্প পরিচালক, চামড়া শিল্প/নগরী, ঢাকা (৪র্থ সংশোধিত) প্রকল্প

**কমিটির কার্য-পরিধি :**

(ক) কমিটি ঠিকাদারি প্রতিষ্ঠান JLEPCL-DCL JV কর্তৃক দাবীকৃত ১ম এল/সি এর আওতায় ২য় শিপমেন্ট এর পেন্ডিং বিল পরিশোধের বিষয়টি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক সুপারিশ সম্বলিত একটি প্রতিবেদন আগামী দু'সপ্তাহের মধ্যে চেয়ারম্যান, বিসিক বরাবর দাখিল করবে; এবং

(খ) কমিটি প্রয়োজনে কোন উপযুক্ত কর্মকর্তা কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফররুখ আহম্মদ**
উপ-প্রধান (চ.দা.)।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ শাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৬.১৬(অংশ-১).৫২**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | উত্তর ডিক্রীর চর মাধবদিয়া | ১৪৭ | ২০৬৯ | ফরিদপুর সদর | ফরিদপুর | |
| ২ | হরিদাসপুর | ৭২ | ১২১ | মধুখালী | ফরিদপুর | |
| ৩ | পানাইল | ৬০ | ১৭৬৯ | আলফাডাঙ্গা | ফরিদপুর | |
| ৪ | আলগাদিয়া | ২১১ | ৬০৯ | নগরকান্দা | ফরিদপুর | মহামান্য হাইকোর্ট বিভাগে ৮১৬৩/০৯ নম্বর রিট দায়ের থাকায় সংশ্লিষ্ট ৮৫ ও ৫৭২ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৫ | গুধিবাড়ী | ৬৭ | ৪৬৪ | পাংশা | রাজবাড়ী | মহামান্য হাইকোর্ট বিভাগে ৬০৫৫/১০ ও ৬১২৪/১০ নম্বর রিট দায়ের থাকায় সংশ্লিষ্ট ১৬৪ ও ২৯৪ নম্বর খতিয়ান ব্যতীত। |
| ৬ | চাঁদমৃগী | ১৭১ | ৩২৬ | পাংশা | রাজবাড়ী | মহামান্য হাইকোর্ট বিভাগে ১৪৭৭৫/১২ নম্বর রিট দায়ের থাকায় সংশ্লিষ্ট ২২০ নম্বর খতিয়ান এবং ১ নম্বর খতিয়ানের ৩৫১ ও ৩৫৮ নম্বরদাগ ব্যতীত। |
| ৭ | জামালপুর | ১৪৮ | ৩৮০ | পাংশা | রাজবাড়ী | |
| ৮ | চর আরকান্দি | ১০৬ | ৯১৪ | বালিয়াকান্দি | রাজবাড়ী | মহামান্য হাইকোর্ট বিভাগে ৫১৩৯/১০ নম্বর রিট দায়ের থাকায় সংশ্লিষ্ট ১ নম্বর খতিয়ানের ১৭৭৮ নম্বর দাগ ব্যতীত। |
| ৯ | দক্ষিণ চর কুমারিয়া | ৪৬ | ১০২৯ | ভেদরগঞ্জ | শরীয়তপুর | |
| ১০ | বানবাড়ী | ১৫৮ | ১০২ | মুকসুদপুর | গোপালগঞ্জ | |

নং ৩১.০০.০০০০.০৪৯.৩৬.০২৩.১৫.৫৩—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জেএল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ১ | শ্যামগোপ | ৭২ | ৩৬৭ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ |
| ২ | তেলিজানা | ১১৯ | ৭৩০ | রায়গঞ্জ | সিরাজগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ : ২২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

নং ৩১.০০.০০০০.৪৯.৩৩.১৫৭.১০(অংশ-১).৫৯—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)-এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাইতেছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হইয়াছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | সাবাজপুর | ২১ | ১৯০০ | রংপুর সদর | রংপুর | |
| ২ | পার্ব্বতীপুর | ৫৯ | ৯৯০ | রংপুর সদর | রংপুর | |
| ৩ | দুকুড়ি | ৯ | ৩৫০ | নিলফামারী সদর | নিলফামারী | |
| ৪ | কিসমত কানাইকাটা | ৩৭ | ৩২২ | নিলফামারী সদর | নিলফামারী | |
| ৫ | কানিয়ালখাতা | ৬৫ | ২৫৭৫ | নিলফামারী সদর | নিলফামারী | |
| ৬ | সাপটানা | ২৩ | ৫১০৫ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ৭ | ধাইরখাতা | ৯৭ | ২৭১ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | ছিটমহল অংশ |
| ৮ | শিবরাম | ১১২ | ৯৫৯ | লালমনিরহাট সদর | লালমনিরহাট | |
| ৯ | দূর্গাপুর | ৬ | ১৯০৫ | আদিতমারী | লালমনিরহাট | |
| ১০ | পশ্চিম দলজোর | ১৩ | ১১৫৫ | আদিতমারী | লালমনিরহাট | |
| ১১ | বড় কমলাবাড়ী | ২৩ | ২৮৮২ | আদিতমারী | লালমনিরহাট | |
| ১২ | আদিতমারী | ৩২ | ২৮৪০ | আদিতমারী | লালমনিরহাট | |
| ১৩ | মহিষেশ্বর | ৫০ | ১৩৬৫ | আদিতমারী | লালমনিরহাট | |
| ১৪ | ধনী গাগলা | ১৫ | ২৩৩৩ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ১৫ | ঢলুয়াবাড়ী | ৫৪ | ১০৩২ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ১৬ | টেপারকুঠি | ৫৬ | ১৮০১ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ১৭ | ফকিরগঞ্জ | ৭৫ | ৫৪৫ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ১৮ | দক্ষিণ ঢাকডহর | ৭৯ | ২৪০ | নাগেশ্বরী | কুড়িগ্রাম | |
| ১৯ | চুলিয়ার চর | ২৩ | ৩০১৯ | রৌমারী | কুড়িগ্রাম | |
| ২০ | দেবীপুর | ৬৩ | ২১১ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ২১ | গড়েয়া | ১০৬ | ৪৬১ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ২২ | পূর্ব্ব গোপালপুর | ১১৫ | ৫৯৬ | পলাশবাড়ী | গাইবান্ধা | |
| ২৩ | বাণীহালী | ৮৪ | ৪২৮ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ২৪ | আলিপুর | ৯০ | ২৩৮ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ২৫ | গোসাইপুর | ১১৮ | ২৯৫ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ২৬ | নারায়নপুর | ১৭৬ | ২৬১ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ২৭ | ফতুল্লাপুর | ২২৮ | ২৯৮ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | |
| ২৮ | দাউদপুর | ২১ | ৬১৫ | সাদুল্যাপুর | গাইবান্ধা | |
| ২৯ | মীরপুর | ৬৭ | ৩৩৯ | সাদুল্যাপুর | গাইবান্ধা | |

তারিখ : ২০ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.৪৯.৩৬.০০৭.১৬.৫৪**—State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951)- এর ১৪৪ ধারা (৭) নম্বর উপ-ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ (Tenancy Rules, 1955)-এর ৩৪ (২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | রাউৎগাড়ী | ৭৯ | ৬৭১ | কাহালু | বগুড়া |
| ২ | মালহালী | ৯০ | ২৪৪ | কাহালু | বগুড়া |
| ৩ | ওলহালি | ৯১ | ৫৩৬ | কাহালু | বগুড়া |
| ৪ | শাঁকোহালি | ১০০ | ৩৬৯ | কাহালু | বগুড়া |
| ৫ | মালঞ্চা | ১৩৪ | ৩০২ | কাহালু | বগুড়া |
| ৬ | দক্ষিণ আখরাইল | ১৫২ | ৫৫৯ | কাহালু | বগুড়া |
| ৭ | ডহরপুর | ৪২ | ৪৩৪ | আদমদিঘী | বগুড়া |
| ৮ | কুসুম্বী | ৫০ | ৭২১ | আদমদিঘী | বগুড়া |
| ৯ | তেঁতুলিয়া | ৫৩ | ৩৭৮ | আদমদিঘী | বগুড়া |
| ১০ | দিঘরা | ৫৬ | ২৫১ | আদমদিঘী | বগুড়া |
| ১১ | গোবিন্দপুর | ১১২ | ১০৯২ | আদমদিঘী | বগুড়া |
| ১২ | ডিমসহর | ৭৫ | ১০১৫ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১৩ | বোরাই | ৭৭ | ৯০৬ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১৪ | খানপুর | ১০৬ | ১৭৮৫ | দুপচাঁচিয়া | বগুড়া |
| ১৫ | গোপীনাথপুর | ৪৮ | ৭৪৯ | শিবগঞ্জ | বগুড়া |
| ১৬ | নিশ্চিন্তপুর | ১৪০ | ৯১৬ | শিবগঞ্জ | বগুড়া |
| ১৭ | লস্করপুর | ১৬৮ | ৫৫১ | শিবগঞ্জ | বগুড়া |
| ১৮ | পাকুরিয়া | ১৭৮ | ৭০৯ | শিবগঞ্জ | বগুড়া |
| ১৯ | বিষ্ণুপুর | ১৮৭ | ৩৭৭ | শিবগঞ্জ | বগুড়া |
| ২০ | জীবনপুর | ১৯৯ | ৮৯৫ | শিবগঞ্জ | বগুড়া |
| ২১ | জগন্নাথপুর | ২০২ | ৭৩৭ | শিবগঞ্জ | বগুড়া |
| ২২ | কিশোরীপুর | ২০৪ | ৭৩৭ | শিবগঞ্জ | বগুড়া |
| ২৩ | ভাগকোলা | ২১৩ | ৪৬১ | শিবগঞ্জ | বগুড়া |
| ২৪ | চকপাড়া | ২১৯ | ৩৫০ | শিবগঞ্জ | বগুড়া |
| ২৫ | গড়ফতেপুর | ২৬ | ৯৮২ | সোনাতলা | বগুড়া |
| ২৬ | শালিকা | ৩৩ | ৯৩৭ | সোনাতলা | বগুড়া |
| ২৭ | রংরারপাড়া | ৫৩ | ২৫৯ | সোনাতলা | বগুড়া |
| ২৮ | ভানুইকুশলিয়া | ২৩ | ১০৩১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ২৯ | পেচুলিয়া | ৪৪ | ২০১৪ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩০ | রাঘবপুর | ৪৮ | ৫৯১ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩১ | জয়পুর | ৫২ | ৩৪০ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩২ | হরিপুর | ৬৪ | ১১৮২ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩৩ | হাতীগাড়া | ১২২ | ৭০৪ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩৪ | বলুপাড়া | ১৪৯ | ৫৬৮ | জয়পুরহাট সদর | জয়পুরহাট |
| ৩৫ | শাখারঞ্জ | ৫৮ | ১৩৩৮ | ক্ষেতলাল | জয়পুরহাট |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আব্দুর রহমান**
উপসচিব।

**অধিগ্রহণ শাখা-১**

**"ঘ" ফরম**

**এল.এ কেস নং-৪৩/৭৮-৭৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৫.২০-৩০**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারা মোতাবেক ২২-০৫-৮০ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম-দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তিসমূহ হুকুম-দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) ধারার উপ-ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম-দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা : ভূয়াপাড়া, থানা-বেড়া, জেলা-পাবনা, জে. এল নং-৭৯

| দাগ নং | জমির পরিমাণ (একর) |
|---|---|
| ২০০ | ০.৩১ |
| ২০৩ | ০.৩৩ |
| ২০৪ | ০.০৯ |
| ২০২ | ০.২১ |
| সর্বমোট= | ০.৯৪ (একর) |

ভূমি অধিগ্রহণের নক্‌শা জেলা প্রশাসকের কার্যালয়, পাবনার ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

**"ঘ" ফরম**

**এল.এ কেস নং-১৯/৭৮-৭৯**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারার মোতাবেক নোটিশ**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৫.২০-৩০**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম-দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর "৩" ধারা মোতাবেক ৩০-০৫-৭৯ ইং তারিখের আদেশ দ্বারা হুকুম-দখল করা হইয়াছে।

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পতিসমূহ হুকুম-দখলের আওতাধীন রহিয়াছে, এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমুহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। গত ০৪-০৬-৭৯ খ্রিঃ তারিখে প্রত্যাশী সংস্থার অনুকূলে আনুষ্ঠানিকভাবে দখল হস্তান্তর করা হয়েছে।

সেহেতু এক্ষণে উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারার অধ্যাদেশ অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ইহার সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা: চক-গোবিন্দা, জে. এল নং-৭১, থানা-সদর, জেলা-পাবনা

| দাগ নং (সি. এস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫৫ | ০.০৭৬৩ |
| মোট= | ০.০৭৬৩ একর |

জমির নক্‌শা জেলা প্রশাসকের কার্যালয়, এল. এ শাখা পাবনা অফিসে দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

**এলএ কেস নং-২৩৫/৬১-৬২ (রাজ)**

**ঘ-ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ১৯ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০২ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৭.৩৪.০০৫.২০-২৯**—যেহেতু নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম-দখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৯-০৩-১৯৬২ খ্রিঃ তারিখে আদেশ দ্বারা অধিগ্রহণ করা হইয়াছে;

এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পতিসমূহ হুকুম-দখলের আওতাধীন রহিয়াছে; এবং

যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমুহ হুকুম দখল করা সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫(৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জানান যাইতেছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক হুকুম দখল করা হইলো।

**তফসিল**

মৌজা : চকদেব, জে এল নং-৩৩৮, উপজেলা : নওগাঁ সদর, জেলা : নওগাঁ।

| খতিয়ান নং | সিএস দাগ নং | দাগে মোট জমি (একর) | অধিগ্রহণকৃত জমি (একর) | অধিগ্রহণকৃত মোট জমি |
|---|---|---|---|---|
| ১৮৯ | ২৪৪ | ০.৩৬ | ০.৩৬ একর | ০.৩৮ একর |
| ১৬২ | ২৪২ | ০.২৪ | ০.০২ একর | |

সর্বমোট জমির পরিমাণ কম/বেশী=০.৩৮ একর।

জমির নক্‌শা জেলা প্রশাসকের কার্যালয়ের ভূমি অধিগ্রহণ শাখায় দেখা যাইতে পারে।

**মোঃ আসাদুজ্জামান**
উপসচিব।

**ধর্ম বিষয়ক মন্ত্রণালয়**
**হজ অনুবিভাগ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৬ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ধবিম/হঃশাঃ/৪-৩০৩/২০১৩-৮৪**—যেহেতু জনাব ছাঈদ আহমদ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স আজমল ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাঃ নং-৬১২), সাঈদ গ্রান্ড সেন্টার (৬ষ্ঠ তলা), রুম#৬১২ ও ৬১৫, রোড#২৮ সেক্টর#০৭, উত্তরা মডেল টাউন, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

জনাব মুহাম্মদ আবদুল হালিম খান ও ফেরদৌসী বেগম আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"স্বামী-স্ত্রী দুইজন ৫,৫০,০০০ (পাঁচ লক্ষ পঞ্চাশ হাজার) টাকা করে মোট ১১,০০,০০০ (এগার লক্ষ) টাকা এজেন্সির মালিককে প্রদান করেন। হজের আগে ৫ দিন ও হজের পরে ৩ দিন সারাসিত্তিন নামক স্থানে রাখে যদিও কথা ছিল (৩+২ দিন রাখা নিম্নমানের খাবার পরিবেশন, জায়গার স্বল্পতা, নোংরা রুমে থাকা এবং এজেন্সির মালিকের খোঁজ-খবর না রাখা।" এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২৩-১২-২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হঃশাঃ/৪-৩০৩/২০১৩-১৯০০ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৬-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ (ছ) অনুযায়ী আপনার পরিচালিত আজমল ট্রাভেলস এন্ড ট্যুরস (হজ লাঃ নং-৬১২) এর হজ লাইসেন্স বাতিলসহ ১০.০০ (দশ) লক্ষ টাকা জরিমানা করা হলো এবং গ্রুপ লিডার জনাব সোয়েব আনসারীর বিরুদ্ধে সংশ্লিষ্ট থানায় মামলা দায়ের করার জন্য অভিযোগকারীকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**নং ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৯৫.১৮-৮৩**—যেহেতু জনাব মোঃ আব্দুল জব্বার হাওলাদার ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স ভৈরব ট্রাভেলস (হজ লাঃ নং-৭০০), ১২১, মতিঝিল সি/এ, (৩য় তলা), মতিঝিল, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব মুহাম্মদ আব্দুল আওয়াল মানিকসহ ৪ (চার) জন আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"চুক্তি অনুযায়ী সেবা পাননি, পাহাড়ের উপর বাড়ি দেয়ায় হাজীগণ চলাফেরা করতে পারেননি, এক রুমে বেশি লোক থাকায় বসবাস করতে অসুবিধা হয়েছে, রুমের ভিতরে এসি কাজ না করায় প্রচন্ড গরমে ভোগতে হয়েছে এবং বিদ্যুতের সমস্যা। তাছাড়া বাথরুমের ভিতরে কোন মগ নেই, কল দিয়ে পানি বের হয় না। তাছাড়া হাজীগণদের কাবা শরীফের কাছাকাছি না রেখে দুরের পাহাড়ে রাখা হয়েছে।" এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২২-১২-২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ১৬.০০.০০০০.০১৭.৩৩.০৯৫.১৮-১৮৯৪ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৩-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ (গ) অনুযায়ী আপনার পরিচালিত ভৈরব ট্রাভেল (হজ লাঃ নং-৭০০) এর হজ লাইসেন্স ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

**নং ধবিম/হঃশাঃ/৪-২৫৯/২০১২-৮২**—যেহেতু জনাব কাজী রাসেল আহমেদ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স এম. তাইয়্যেবা ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাঃ নং-৯১১), ৩১, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, সিদ্ধেশরী হাইস্কুল জামে মসজিদ, ঢাকা-১২১৭ এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব মোঃ নজরুল ইসলাম আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"মৌখিকভাবে অঙ্গীকার করা সত্ত্বেও অঙ্গীকার ভঙ্গ করেছে, হারাম শরীফ হতে ৫ মিনিটের দূরত্বে রাখার কথা থাকলেও বা 'এ' প্যাকেজের ব্যবস্থা করার কথা থাকলেও তা করেননি এবং নিম্নমানের খাবারের জন্য হাজীরা অসুস্থ হওয়ায় হজ করতে পারেননি। তাছাড়া খাবার বাবদ পর্যাপ্ত টাকা নেয়া সত্ত্বেও নিজ খরচে বাইরে খাবার কিনে খেতে হয়েছে, দূরে রাখার জন্য বৃদ্ধ ও নারীরা হারাম শরীফে নামাজ পড়তে পারেননি এবং দিক নির্দেশনা না দেয়ায় সঠিকভাবে পবিত্র হজ পালন করতে পারেননি।" এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২৯-১২-২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হঃশাঃ/৪-২৫৯/২০১২-১৯৪০ নং স্মারকে ০৩ (তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ৩০-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ (চ) অনুযায়ী আপনার পরিচালিত এম. তাইয়্যেবা ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাঃ নং-৯১১)-কে ১০.০০(দশ) লক্ষ টাকা জরিমানা করা হলো।

**নং ধবিম/হঃশাঃ/৪-৬১/২০১৩-৭৯**—যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে আল নাফি ট্রাভেলস (হজ লা: নং-৬২১), সাত্তারা সেন্টার (৮ম তলা), হোটেল ভিক্টরি ৩০/এ, নয়াপল্টন, ভি.আ.পি. রোড, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু বেসরকারি ব্যবস্থাপনার হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব হুমায়ুন কবিরসহ ১৩ জন আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"হোটেলটিতে হাজীগণ যাওয়ার দিন থেকেই বিদ্যুৎ সমস্যা ছিল বিধায় পানি, এসি, লিফট কোন কিছুই সচল ছিল না। ফলে হোটেলটি বসবাস অযোগ্য হয়ে পড়ে।" এবং

যেহেতু এ মন্ত্রণালয়ের ২২-১২-২০১৯ তারিখের ধবিম/হ:শা:/৪-৬১/২০১৩-১৮৯৭ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৪-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন; এবং

যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আপনার পরিচালিত আল নাফি ট্রাভেলস (হজ লা: নং-৬২১)-কে সম্মানিত হাজীদের প্রতি আরো যত্নশীল হওয়ার পরামর্শ প্রদান করে ভবিষ্যতের জন্য নির্দেশক্রমে সতর্ক করা হলো।

**নং ধবিম/হঃশাঃ/৪-১৯৯/২০১৩-৮১**—যেহেতু জনাব মোঃ লুৎফুর রহমান ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স ডিয়ার ছোয়াদ হজ্জ ইন্টারন্যাশনাল (হজ লা: নং-৭২৭), ১৫২, পশ্চিম টেংরা, সারুলিয়া-১৩৬১, ডেমরা, ঢাকা এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব ড. মোহাম্মদ আব্দুর রউফ আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"টয়লেট ব্যবহার অযোগ্য ও গোছলখানা নেই, কোন রুমে, রেফ্রিজারেটর না থাকায় খাবার ও ঔষধ সংরক্ষণ করা যায়নি, উপরের টয়লেটের নাপাক ও নোংরা পানি গায়ে পড়ে, বেশিরভাগ রুমে এসি অকেজো এবং রুম নিয়মিত পরিষ্কার করা হয়নি। খাবার পানির ব্যবস্থা নেই এবং লিফট সমস্যায় ভোগেছেন।" এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২২-১২-২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:/৪-১৯৯/২০১৩-১৮৯৬ নং স্মারকে ০৩(তিন) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৪-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাবে আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.২ (গ) অনুযায়ী আপনার পরিচালিত ডিয়ার ছোয়াদ হজ্জ ইন্টারন্যাশনাল (হজ লা: নং-৭২৭)-কে সতর্কীকরণসহ হজ লাইসেন্স পরবর্তী ০২ (দুই) বছরের জন্য স্থগিত করা হলো।

**নং ধবিম/হঃশাঃ/৪-৮৭/২০১৩-৮০**—যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে নিবিড় ইন্টারন্যাশনাল ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-১০৮১), নিউ মার্কেট, ১নং গেইট (২য় তলা), শেরপুর শহর, শেরপুর এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব নুরুল ইসলামসহ ৮ জন আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"প্রতিশ্রুতি মোতাবেক বাসস্থান না থাকা, তিন তারকা হোটেলে রাখার কথা থাকলেও তারকাবিহীন নিম্নমানের হোটেলে রেখেছে, প্রতি কক্ষে ৪/৫ করে রেখেছে, কাবা শরীফ থেকে দূরে রেখেছে, মানসম্মত খাবার দেয়নি, প্রতিশ্রুতি মোতাবেক যোগাযোগ করেননি এবং অশালীন, ঔদ্ধত্যপূর্ণ ও অসম্মানজনক আচরণ করেছে।" এবং

যেহেতু এ মন্ত্রণালয়ের ২২-১২-২০১৯ তারিখের ধবিম/হ:শা:/৪-৮৭/২০১৩-১৪৯২ নং স্মারক মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৯-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন; এবং

যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আপনার পরিচালিত নিবিড় ইন্টারন্যাশনাল ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লা: নং-১০৮১)-কর্তৃক ভবিষ্যতে সুষ্ঠু হজ ব্যবস্থাপনার অন্তরায় কোন কর্মকান্ড যেন সংঘটিত না হয় সেজন্য নির্দেশক্রমে সতর্ক করা হলো।

তারিখ : ২১ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৪ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ধবিম/হঃশাঃ/৪-২০৫/২০১২-৭১**—যেহেতু আপনি জনাব মোঃ নুরুল ইসলাম ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত হজ লাইসেন্স নীড় ট্রাভেলস (হজ লাঃ নং-১০৭৬), এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু আপনি যথাযথভাবে হজ লাইসেন্স পরিচালনায় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সঙ্গে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ মোতাবেক লিখিতভাবে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু আপনি নিবন্ধন বিহীন ব্যক্তিকে হজে গমনের বিষয়ে ফেইসবুকে নিম্নরূপ স্ট্যাটাস দিয়েছেন যা সুষ্ঠু হজ ব্যবস্থাপনার অন্তরায় ও শাস্তিযোগ্য অপরাধ:

"পাসপোর্ট রেডি আছে এমন কেউ এবার হজে যেতে চাইলে ৩,৪৫,০০০ টাকায় যোগাযোগ করুন।" এবং

যেহেতু আপনার হজ এজেন্সির বিরুদ্ধে গত ২৪-০৬-২০১৯ খ্রি. তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ধবিম/হ:শা:/৪-২০৫/২০১২-১১১৬ নং স্মারকে ০৭ (সাত) দিনের মধ্যে জবাব প্রেরণের জন্য কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ৩০-০৬-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব আপনি আপনার স্বপক্ষে কোন যুক্তি উপস্থাপন করতে পারেননি; এবং

যেহেতু উল্লিখিত কারণে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.২ (গ) অনুযায়ী আপনার পরিচালিত নীড় ট্রাভেলস (হজ লাঃ নং-১০৭৬)-এর হজ লাইসেন্স ০১ (এক) বছরের জন্য স্থগিত করা হলো।

তারিখ : ২৩ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৬ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ধবিম/হঃশাঃ/৩/৬-১২৪/২০০৫-৭৫**—যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে এহসান এয়ার ট্রাভেলস (হজ লাঃ নং-২৯৭), আল-রাজী কমপ্লেক্স, ১৬৬-১৬৭, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, স্যুইট#ডি-৬০৪ (৬ষ্ঠ তলা), পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব হাজী সৈয়দ উল্লাহ আপনার এজেন্সির বিরুদ্ধে কাউন্সেলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, মক্কা আল-মোকাররমা, সৌদি আরব বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"হোটেলে চার তলা থেকে নিচে নামার জন্য হাজী তাঁর স্ত্রীসহ লিফটে উঠার পর লিফট নিচে না গিয়ে উপরে উঠে এবং আরো ৭/৮ জন হাজীসহ লিফটা আটকা পড়ে। পরবর্তীতে অন্য হাজীদের লিফটে আটকা পড়া হাজীরা ফোন করলে ১৫/২০ মিনিট পর উদ্ধার করা হয়। এ বিষয়ে হোটেল কর্তৃপক্ষকে জানানোর পরও তেমন গুরুত্ব দেয় নাই।" এবং

যেহেতু এ মন্ত্রণালয়ের ২৩-১২-২০১৯ তারিখের স্মারক নং-ধবিম/হ:শা:৩/৬-১২৪/২০০৫-১৮৯৮ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি গত ২৯-১২-২০১৯ খ্রি. তারিখে কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন; এবং

যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.২ (জ) অনুযায়ী আপনার পরিচালিত এহসান এয়ার ট্রাভেলস (হজ লাঃ নং-২৯৭)-কে নির্দেশক্রমে তিরস্কার করে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

তারিখ : ২২ মাঘ ১৪২৬ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০২০ খ্রিষ্টাব্দ

**নং ধবিম/হঃশাঃ/৪-৮১/২০১২-৭২**—যেহেতু ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনার হজ পরিচালনাকারী হিসেবে এন আইডিয়াল ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাঃ নং-৫৯৬), বাড়ী#২৮, রোড#২, ব্লক#খ, শেখেরটেক, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭ এর স্বত্বাধিকারী হিসেবে আপনি দায়িত্ব পালন করেছেন; এবং

যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজ যাত্রী প্রেরণের বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

যেহেতু জনাব বেনজীর আহমেদ আপনার এজেন্সির গ্রুপ লিডারের বিরুদ্ধে চেয়ারম্যান, দুর্নীতি দমন কমিশন বরাবর নিম্নরূপ অভিযোগ দাখিল করেছেন:

"অভিযোগকারী স্ত্রীসহ পবিত্র হজ পালনের জন্য ২০১৮ সনে নিবন্ধন করেন কিন্তু তাঁর মা মৃত্যুবরণ করায় ২০১৯ সনেও হজে যাওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত হয়নি। এ সুযোগে এন আইডিয়াল ট্যুরস এন্ড ট্রাভেলস এর প্রতিনিধি ক্বারী মোঃ ফরহাদ হোসেন তাঁর স্ত্রীর পাসপোর্ট নম্বর ও নিবন্ধনের নম্বর দিয়ে অন্য হাজীকে হজে পাঠানোর ব্যবস্থা করেছেন। এ বিষয়ে আবেদনকারী প্রতিনিধিকে জিজ্ঞাসা করলে ২০২০ সনে হজে পাঠানোর ব্যবস্থা করবেন বলে উত্তর দেন। তাছাড়া অভিযোগকারী তাদের নিবন্ধন এস এন ট্রাভেলস এ স্থানান্তরের কথা বললেও তাও করেনি।" এবং

যেহেতু এ মন্ত্রণালয়ের ০৫-০১-২০২০ তারিখের স্মারক নং-ধবিম/হ:শা:/৪-৮১/২০১২-৪২ মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৩ (তিন) দিনের মধ্যে জানানোর জন্য নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু আপনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেছেন; এবং

যেহেতু আপনার এ ধরনের কার্যক্রমের ফলে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান;

সেহেতু আপনার পরিচালিত এন আইডিয়াল ট্যুরস এন্ড ট্রাভেলস (হজ লাঃ নং-৫৯৬)-কে জাতীয় হজ ও ওমরাহ নীতি, ২০১৯ এর ২৪.২(জ) অনুযায়ী আপনাকে নির্দেশক্রমে তিরস্কার করে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

**আবুল কাশেম মুহাম্মদ শাহীন**
সিনিয়র সহকারী সচিব।